



A Platform of Organizations and People Supporting Environment
RA 449 Sector IV Salt Lake, Kolkata 700105
E mail : sabujmancha@gmail.com

Ref: SM/ West Management/ 2016

তারিখ- ০৫/১০/২০১৬

বিষয় : আবর্জনা ব্যবস্থাপনা : সমস্যা ও সম্ভাব্য সমাধান

প্রিয় সাথী,

আপনি নিশ্চয় একমত হবেন যে নাগরিক পরিসেবার পরিকাঠামোয় আজ পরিবেশের পক্ষে সবথেকে গুরুত্বপূর্ণ বিষয়গুলির একটি হল আবর্জনা। সম্প্রতি পশ্চিমবঙ্গের বিভিন্ন নগরে এবং শহরে বেশ কিছু এলাকা থেকে আবর্জনা সরিয়ে ফেলার নতুন উদ্যোগ চোখে পড়েছে। এই উদ্যোগগুলিকে স্বাগত জানিয়েও সবুজ মঞ্চ অত্যন্ত উদ্বিগ্নের সঙ্গে লক্ষ্য করছে যে বেশির ভাগ ক্ষেত্রেই যথাযথ আবর্জনা ব্যবস্থাপনা হচ্ছে না। আবর্জনা জমানোই প্রায় একমাত্র কর্মপদ্ধতি হয়ে দাঁড়িয়েছে। ফলে জলাশয়, জলাভূমি, নদী, ভূগর্ভের জল, প্রতিবেশী গ্রামের পরিবেশ দূষিত হচ্ছে। আবর্জনা প্রক্রিয়াকরণ অত্যন্ত বিরল ঘটনা। প্লাস্টিক এবং থার্মোকল আবর্জনা নর্দমা ব্যবস্থার পক্ষে মারাত্মক ক্ষতিকর হয়ে দাঁড়িয়েছে। চিকিৎসার আবর্জনা হামেশাই পৌর আবর্জনার সঙ্গে পাওয়া যাচ্ছে। আবর্জনা কুড়ানীরা আজও অত্যন্ত মারাত্মক অস্বাস্থ্যকর অবস্থায় জীবিকা উপার্জন করছে।

এই আবর্জনা সমস্যার সমাধানের জন্য বেশ কিছু বিধি, নির্দেশিকা এবং কর্তৃপক্ষ রয়েছে। এই বিশাল সমস্যার মোকাবিলা করার জন্য পৌরসভা এবং পঞ্চায়েতের ক্ষমতা এবং আর্থিক সংস্থান বেড়েছে। কিন্তু দুর্ভাগ্যক্রমে আশানুরূপ ফল পাওয়া যায় নি।

এইসব সমস্যা ও সম্ভাব্য সমাধানের বিষয় আলোচনার জন্য সবুজ মঞ্চ আগামী ২১ অক্টোবর, ২০১৬, শুক্রবার, বেলা ১১ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত মৌলানি যুব কেন্দ্রের স্বামী বিবেকানন্দ কনফারেন্স হলে একটি নাগরিক সভার আয়োজন করেছে। এই সভায় রাজ্য সরকার, দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ এবং কলকাতা ও অন্যান্য পৌরসভার কর্তৃপক্ষ, পরিবেশবিদ, পরিবেশকর্মী এবং উৎসাহী নাগরিকের উপস্থিতি থাকবে।

আপনাকে এই সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য অনুরোধ করছি।

অভিনন্দন সহ

নব দত্ত

সম্পাদক, সবুজ মঞ্চ

যোগাযোগ: ফোন ৯৮৩১১৭২০৬০ / ৯৮৩১৬৩৬৮১৭